

## REGIONAL NEWS

UNIT

**ALL INDIA RADIO, AGARTALA**

Date: 16-10-2024

Time: 07.35-07.40 AM Hrs

**BENGALI MORNING BULLETIN**

---

**LAXMI PUJA:**

আজ কোজাগরী লক্ষ্মী পূজা। মূলত ধন, ঘণ্টা খ্যাতি প্রাপ্তির জন্য দেবী লক্ষ্মীর আরাধনা করা হয়। বাঙালির পার্বনে দুর্গা পূজার পরেই আসে লক্ষ্মী দেবীর আরাধনার পর্ব। পূর্ণিমা তিথিতে আয়োজিত এই পূজাকে কোজাগরী লক্ষ্মী পূজা বলা হয়ে থাকে। আজ সন্ধ্যা ৭ টা ২৩ মিনিট থেকে শুরু হচ্ছে পূর্ণিমা তিথি। থাকবে আগামী কাল সন্ধ্যা ৫ টা ১৭ মিনিট পর্যন্ত।

\*\*\*\*\*

**Central Minister-Tour :**

কেন্দ্রীয় বিদেশ ও বস্ত্র মন্ত্রকের প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা তিনদিনের রাজ্য সফরের উদ্দেশ্যে আজ আগরতলায় আসছেন। এদিন সন্ধ্যায় তিনি রাজভবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু এবং মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সঙ্গে বৈঠক করবেন। রাতেই তিনি খোয়াই সার্কিট হাউজে চলে যাবেন। ১৭ই অক্টোবর সকালে খোয়াই জেলায় বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্প ও অন্যান্য বিভিন্ন প্রধান প্রকল্পে কাজের অগ্রগতি পর্যালোচনা করবেন। এরপর তিনি খোয়াই জেলায় শিক্ষা, স্বাস্থ্য, জল জীবন মিশন, কৃষি পরিকাঠামো ও দক্ষতা উন্নয়ন ইত্যাদি সংশ্লিষ্ট প্রকল্পগুলি পরিদর্শন করবেন। তাছাড়া তিনি মহিলা স্ব-সহায়ক দল ও জেলা আধিকারিকদের সঙ্গে মত বিনিময় করবেন। পাশাপাশি তিনি সিমনার সনখ্লায় হ্যান্ডিক্রাফটস ক্লাস্টার ও ফটিকচূড়ায় হ্যান্ডলুম এওয়ারনেস প্রোগ্রাম এবং শিশু উন্নয়ন প্রকল্পের অধীনে সমার্থ প্রশিক্ষণ পরিদর্শন করবেন। ১৮ই অক্টোবর সকালে কেন্দ্রীয় মন্ত্রী

শ্রী মাঘেরিটা আগরতলায় সচিবালয়ে বস্ত্র মন্ত্রক এবং রাজ্য সরকারের হস্তান্ত হস্তকারু ও রেশন শিল্প দপ্তরে আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন। তাছাড়া তিনি আগরতলায় পূর্বশা এস্পেরিয়াম উইভার্স সার্ভিস সেন্টার পরিদর্শন করবেন। ঐদিন সন্ধ্যায় আগরতলা থেকে দিল্লির উদ্দেশ্যে রওনা হবেন।

\*\*\*\*\*

#### **Internet in North District :**

রাজ্যের স্বরাষ্ট্র সচিব ডঃ প্রদীপ কুমার চক্রবর্তী এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, গতকাল বিকাল ৫টা থেকে আগামী ৭২ ঘণ্টার জন্য উত্তর ত্রিপুরা জেলায় মোবাইল ইন্টারনেট পরিষেবা, মোবাইলে এসএমএস ও সব ধরনের প্রেস বার্তা পরিষেবা স্থগিত রাখা হয়েছে। উত্তর জেলায় কিছু অঞ্চলে দুই সম্প্রদায়ের মধ্যে অনভিপ্রেত ঘটনার পরিপ্রেক্ষিতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এদিকে, ধর্মনগর মহকুমা শাসক এক আদেশ বলে গোটা ধর্মনগর মহকুমায় ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ১৬৩ ধারা জারি করেছেন।

\*\*\*\*\*

#### **PM Gatisakti**

কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্প মন্ত্রী পীযুষ গোয়েল নতুন দিল্লিতে ২৭টি উচ্চাকাঞ্চনী জেলার জন্য প্রধানমন্ত্রী গতিশক্তি জাতীয় মহাপরিকল্পনার জেলা কর্মসূচির সূচনা করেন। পিএম গতিশক্তির তিনি বছর পূর্তি উপলক্ষ্যে, শ্রী গোয়েল বলেন যে, আগামী ১৮ মাসে সারা দেশে ৭৫০ টিরও বেশি জেলায় পিএম গতিশক্তির মহাপরিকল্পনা প্রসারিত করা হবে। মন্ত্রী দেশের শহরগুলির জন্য পরিবহন পরিকল্পনা প্রস্তুত করার নির্দেশিকাগুলিরও সূচনা করেন।

\*\*\*\*\*

#### **Courtesy meet :**

পতঞ্জলি ফুডস লিমিটেডের উত্তর পূর্বাঞ্চলের প্রধান অশোক কুমার সিং গতকাল মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সঙ্গে তাঁর সরকারি বাসভবনে এক সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। সাক্ষাৎকারে উভয়ের মধ্যে পাম ওয়েলের বাগান এবং বাণিজ্যিকীকরণের ভবিষ্যত সম্ভাবনা এবং সুযোগ সম্পর্কে আলোচনা হয়। মুখ্যমন্ত্রী জানান পতঞ্জলি ফুডস লিমিটেডের সাথে উদ্যন্পালন বিভাগের সাম্প্রতিক সময়োত্তা স্মারক ত্রিপুরায় পাম তেলের উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য মাইলফলক হিসেবে চিহ্নিত হবে। তিনি বলেন তাতে ত্রিপুরার বেকারদের আর্থসামাজিক উন্নয়ন ঘটবে। মুখ্যমন্ত্রী বলেন পতঞ্জলি ফুডস লিমিটেডের ভবিষ্যতে ত্রিপুরায় একটি পাম তেলের প্রক্রিয়াকরণ ইউনিটও স্থাপন করার ও পরিকল্পনা রয়েছে।

\*\*\*\*\*

#### **Girls Child Day :**

উনকোটি জেলা মহিলা ক্ষমতায়ন ও সশক্তিকরণ কেন্দ্রের উদ্যোগে ও পুষ্পরাজ ক্লাবের সহযোগিতায় গতকাল কৈলাশহরের ইয়াজেখাওড়াতে আন্তর্জাতিক শিশুকন্যা দিবস পালনের অঙ্গ হিসাবে এক অনুষ্ঠান হয়। এখানে বিভিন্ন বক্তা তাঁদের ভাষনে শিশুকন্যাদের যত্ন, সুরক্ষা ও আইনগত অধিকার সম্পর্কে আলোকপাত করেন। বক্তৃব্য রাখেন, জেলা মহিলা ক্ষমতায়ন ও সশক্তিকরণ কেন্দ্রের কর্ডিনেটর পরিতোষ দেবনাথ, স্বাস্থ্যকর্মী দুলন বিশ্বাস, সমাজসেবী মকরুল আলি, ছুরুক আলি প্রমুখ।

\*\*\*\*\*

#### **Assembly Election :**

ভারতের নির্বাচন কমিশন গতকাল মহারাষ্ট্র ও ঝাড়খণ্ড বিধানসভা নির্বাচনের নির্ধন্ত ঘোষণা করেছে। ২০শে নভেম্বর মহারাষ্ট্রের ২৮৮টি বিধানসভা আসনে এক দফায় ভোট হবে। ঝাড়খণ্ডের ৮১টি বিধানসভা আসনের জন্য ১৩ এবং ২০শে নভেম্বর দুই

দফায় ভোট হবে। ১৫টি রাজ্যের ৪৮টি বিধানসভা আসন এবং ২টি লোকসভা আসনের উপনির্বাচনও ১৩ এবং ২০শে নভেম্বর অনুষ্ঠিত হবে। ২৩শে নভেম্বর ভোট গণনা হবে।

\*\*\*\*\*

#### **Mayor-Immersion :**

রাজধানী আগরতলা সহ সারা রাজ্য প্রতিমা নিরঙ্গন পর্ব গতকাল রাতে শেষ হয়েছে। পুলিশ সুত্রে জানা গেছে, রাজ্য সর্বত্র প্রতিমা নিরঙ্গন শান্তিপূর্ণভাবেই সম্পন্ন হয়েছে। এদিকে, আগরতলার পুর নিগমের মেয়র দীপক মজুমদার জানিয়েছেন, তিনি দিনে দশমীঘাটে এপর্যন্ত ৩১৬টি প্রতিমা নিরঙ্গন করা হয়েছে। তাছাড়া রাজধানী আগরতলায় আরো ১২টি ঘাটেও প্রতিমা নিরঙ্গন করা হয়েছে। গতকাল রাতে আগরতলার দশমীঘাট সহ আশপাশ এলাকার ১৫ থেকে ২০টি ক্লাবের প্রতিমা নিরঙ্গন করা হয়েছে।

\*\*\*\*\*

#### **Vice President :**

উপরাষ্ট্রপতি জগদীপ ধনখর আজ আসামের গুয়াহাটি এবং মেঘালয়ের শিলং-এ দুদিনের সফরে যাবেন। সফরকালে তিনি শিলংয়ের মাওদিয়াংদিয়াং-এ মেঘালয় ক্ষিল অ্যান্ড ইনোভেশন হাবের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। তিনি শিলংয়ের আইটি পার্ক এবং রাজভবন পরিদর্শন করবেন ও মুখ্যমন্ত্রী এবং অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে মিলিত হবেন।

\*\*\*\*\*

#### **Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছিল। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে বলে আবহাওয়া দপ্তর সুত্রে জানা গেছে।

\*\*\*\*\*

\*\*\*\*\*